*Teacher's Work* | **Translation**

### 01. Translate into Bangla: [6 Banks (SO), held on: 02-08-19]

Patriotism is a quality that inspires a man to do everything just and fair for well-being and betterment of the country. It is the quality that impels a man to sacrifice his own interest, comfort, pleasure and even his life. Patriotic zeal makes a man dutiful. He cannot sit idle. He is energetic and enthusiastic to work for the country. He obeys the laws, pays taxes and thinks for the betterment of the country. Patriotism is a quality that teaches a man fellow-feeling, fraternity, love and sympathy for the countrymen. A patriotic man gets pleasure in removing the suffering and sorrow of his fellowmen. He devotes his time and energy to develop the country, its culture and civilization, its economic and political systems. On the country, a man devoid of patriotic zeal engages all his time in achieving mean end.

### 02. Translate into English: [4 Banks (officer), held on: 21-06-19]

নারী পুরুষের সম-অংশীদারিত্বের ভিত্তিতে বাংলাদেশের সার্বিক উন্নয়নকে ত্বরান্বিত করা যেতে পারে। সৃষ্টির দিক দিয়ে, শিক্ষার দিক দিয়ে উভয়ের মাঝে কোন পার্থক্য বা বৈষম্য নেই। সর্বক্ষেত্রে নারী আজ ঈর্ষণীয় সাফল্যের স্বাক্ষর রাখতে সক্ষম হয়েছে। কাজেই সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক উন্নয়নে নারী সহায়ক ভূমিকা রাখতে পারে। নারী আজ তার মেধা ও কর্মদক্ষতার বলে উন্নত, উন্নয়নশীল এবং অনুন্নত দেশের বিভিন্ন শীর্ষস্থানীয় পদে অধিষ্ঠিত। তাই সার্বিক উন্নয়নের মূল স্রোতধারায় নারীর সম্পৃক্ততা একান্তই বাঞ্ছনীয়। শিক্ষা, স্বাস্থ্য, প্রশিক্ষণ, কারিগরি শিক্ষা, সম্পদ ও বাজার ব্যবস্থাপনায় নারীর পূর্ণ ও সমান সুযোগ নিশ্চিত করতে পারলে উন্নয়ন কর্মকাণ্ডের গতিশীলতা বৃদ্ধি পাবে। অবশ্য বাংলাদেশ সরকার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ডে নারীর সম্পৃক্ততা নিশ্চিতকরণের লক্ষ্যে অনেক সিদ্ধান্ত গ্রহণ করেছে।

### 03. Translate into Bangla: [Bangladesh Bank, AD-18]

Since the Renaissance we came across a persistent emphasis on the development of individuality as the inspiring ideal of education. It has greatly encouraged intellectual freedom and creative joy as against authoritarianism and self-suppression which is almost invariably associated with it. The consciousness of personal liberty is the elan of the present day civilization and modern man does not as a rule consider life worth-living without it. If in the Middle Ages, individuality was very much suppressed, rather lost in the multitude under the burden of a mechanical adherence to certain routine formalities from the cradle to the grave. Prima facie at least, just the reverse seems to be happening at the moment. Except in some totalitarian regimes, our education experiments aim the development of the distinctive individuality of the taught as far as practicable in an artificially devised favorable environment.

### 04. Translate into English: [6 Banks (SO), held on: 02-08-19]

মানবাধিকার হচ্ছে সেসব অধিকার যা জাতীয়তা, লিঙ্গ, বর্ণ, ধর্ম, ভাষা অথবা অন্য যে কোন অবস্থান নির্বিশেষে মানুষের নিকট অন্তর্নিহিত। বস্তুত: মানবাধিকার বলতে কিছু নৈতিক রীতিনীতি বা নিয়ম যা মানব আচরণের নির্দিষ্ট কিছু মানদ-কে বোঝায়। আন্তর্জাতিক আইনে মানবাধিকারকে আইনগত অধিকার হিসেবে রক্ষা করা হয়। এই পৃথিবীতে প্রতিটি মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা এবং স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রয়েছে। এই অধিকারগুলোকে মৌলিক মানবাধিকার হিসেবে গণ্য করা হয়। আমাদের দেশের বহু মানুষ মৌলিক মানবাধিকার থেকে বঞ্চিত। আমাদের দরিদ্র শিশুরা খাদ্য, স্বাস্থ্যসেবা ও শিক্ষা থেকে বঞ্চিত। অনেক পথশিশু রয়েছে যারা আশ্রয়হীন। এইসব ছোটছোট বাচ্চাদের বেঁচে থাকার জন্য অর্থ উপার্জন করতে হয়। এ ধরনের পরিস্থিতি শিশুশ্রম বৃদ্ধি করে।

*Student Work* | **Translation**

**01. Translation Into Bangla**: [Dhaka Bank Ltd. (Trainee Officer) 19]

Natural disasters as we all know are the consequences of events triggered by natural hazards that overwhelm local response capacity and seriously affect the social and economic development of a region. There is basically no human control over the natural disaster. We cannot stop these natural disasters but what is in our hands is to be prepared for these. Also, there are a lot of ways through which we can minimize the damage caused due to these natural disasters. Traditionally, natural disasters have been seen as situations that create challenges and problems mainly of a humanitarian nature, there is no way to prevent or avert these natural disasters, though scientists do claim to have found the ways to predict these natural disasters at most of the times they have failed to predict natural disasters causing some serious destruction.

**Solution**

প্রকৃতিক দুর্যোগ বলতে আমরা যেটা জানি যে এটি প্রাকৃতিক ঝুঁকির ফল যা স্থানীয় সকল প্রতিরোধকে ভেঙে দিয়ে একটি অঞ্চলের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নকে মারাত্মকভাবে প্রভাবিত করে। মূলত প্রাকৃতিক দুর্যোগের উপর মানুষের কোন নিয়ন্ত্রণ নেই। আমরা এটা বন্ধ করতে পারি না তবে আমরা যেটা করতে পারি তা হলো প্রাকৃতিক দুর্যোগের ব্যাপারে প্রস্তুতি নিতে পারি। তাছাড়া প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতির পরিমাণ কমাতে আমরা নানাবিধ পদক্ষেপ গ্রহণ করতে পারি। ঐতিহ্যগতভাবে দেখলে দেখা যায় যে, প্রাকৃতিক দুর্যোগ মূলত কিছু প্রতিবন্ধকতা ও মানবিক প্রকৃতিতে কিছু সমস্যার সৃষ্টি করে। ঐসব প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধ বা এড়ানোর একটি কৌশল রয়েছে যদিও বিজ্ঞানীগণ বলে থাকেন যে প্রাকৃতিক দুর্যোগ সম্পর্কে পূর্বাভাস দেয়ার কৌশল পাওয়া গিয়েছে, কিন্তু অধিকাংশ সময়ে তারা এই পূর্বাভাস দিতে ব্যর্থ হয়েছে যা বড় ক্ষতির কারণ ছিল।

**02. Translation Into English**: [Dhaka Bank Ltd. (Trainee Officer) 19]

আমাদের দেশে দারিদ্র একটি বড় সমস্যা। কিন্তু এই শোচনীয় অবস্থা যে প্রধানত আমাদের নিজেদের দ্বারাই সৃষ্ট, তা আমরা প্রায়ই বুঝতে পারি না। অনেকেই কঠিন পরিশ্রম এবং লাভজনক ব্যবসার দ্বারা নিজেদের অবস্থার উন্নতি সাধন করতে চেষ্টা করে না। তাছাড়া নিজেদের দুরবস্থার জন্য তারা কেবল হা-হুতাশ করে এবং ভাগ্যকে অভিসম্পাত করে। এ জড়তা ও শ্রমবিমুখতা ঝেড়ে ফেলতে হবে। 'মানুষ নিজেই নিজের ভাগ্য নির্মাতা' এই মহান বাক্য স্মরণে রেখে দৃঢ় পদক্ষেপে জীবনপথে অগ্রসর হলে দারিদ্র ও দুঃখ দূর হবে এবং সুখ ও শান্তি আমাদের চিরসঙ্গী হবে।

**Solution**

Poverty is a big problem in our country. But often we can not realize that we are mainly responsible for this execrable situation. Many people do not try to develop their condition through hard labor and profitable businesses. Besides, they only lament over their distressed situation and curse their lucks. These idleness and indolence are needed to be wiped out. Poverty and woe will be excluded and peace and happiness will be our eternal partner if we stride our way of life keeping a noble sentence in mind that man is the creator of his/her own fortune.

**03. Translation Into Bangla**: [Bangladesh Bank Ltd. (Assistant Director) 19]

Globalization is very important in international relations. Basically it is a process of expanding trade and commerce all over the world by creating a border less market. But it has a far reaching effect on many aspects of life. With the development of high tech communication media and rapid transportation facilities, the world comes closer. We can now learn instantly what is happening in the farthest comer of the world and travel to any country in the shortest possible time. Countries in the world are like the families in a village. They can even share immediately come to its assistance. But taking advantages of the idea of globalization, capitalism seems to be on triumphant much. It is creating more opportunity for capitalist countries rather than for the developing ones.

**Solution**

আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বিশ্বায়ন খুবই গুরুত্বপূর্ণ। এটি মূলত সীমান্তহীন একটি বাজার ব্যবস্থা সৃষ্টির মাধ্যমে বিশ্বব্যাপী ব্যবসা বাণিজ্য বিস্তৃতকরণের একটি প্রক্রিয়া। কিন্তু জীবনের বহু ক্ষেত্রে এর সুদূরপ্রসারী ভূমিকা রয়েছে। উচ্চ প্রযুক্তিগত যোগাযোগ মাধ্যমগুলোর উন্নতিও দ্রুত অবকাঠামোগত সুবিধা সৃষ্টি হওয়ার দরুন পৃথিবী এখন হাতের মুঠোয় চলে এসেছে। পৃথিবীর দূরতম স্থানে কি ঘটছে তা এখন আমরা মুহূর্তের মধ্যেই জানতে পারি এবং সম্ভব স্বল্পতম সময়ে পৃথিবীর যে কোন স্থানে ভ্রমণ করতে পারি। পৃথিবীর দেশগুলো এখন একই গ্রামের পরিবারের মতো। একটি দেশ অপর দেশের আপদকালীন মুহূর্তে তাৎক্ষণিক এগিয়ে আসতে পারে। কিন্তু বিশ্বায়ন ধারণাটির সুযোগ নিয়ে পুঁজিবাদ জয়ের পথে বেশ খানিকটা এগিয়ে আছে। বিশ্বায়ন উন্নয়নশীল। দেশগুলোর চাইতে পুঁজিবাদী রাষ্ট্রগুলোর জন্য বিবিধ সুযোগ-সুবিধার সৃষ্টি করছে।

**04. Translation Into English:** [Bangladesh Bank Ltd. (Assistant Director) 19]

জনসংখ্যা সমস্যা আমাদের দেশের একটি বড় সমস্যা। আমাদের জনসংখ্যা বেড়েই চলেছে। দেশের লোকের স্বাস্থ্য তেমন ভালো নয়। তাদের অনেককেই অপুষ্টিতে ভুগছে। যে পরিমাণ খাদ্য তাদের জন্য প্রয়োজন তা তারা পায় না। আমরা পর্যাপ্ত পরিমাণে খাদ্য উৎপাদন করতে পারি না। অধিক খাদ্য উৎপাদন করে খাদ্য চাহিদা পূরণ করা সম্ভব। সেজন্য আমাদের প্রচুর পরিশ্রম করতে হবে। আমাদের খাদ্য সমস্যা সমাধানের জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করতে হবে।

**Solution**

Population problem is a big problem in our country. our population is growing. People's health is not so good. Many of them are suffering from malnutrition. They do not get the food they need. We can not produce enough food. It is possible to meet food demand by producing more food. That's why we have to work a lot. To solve our food problems, we need to cultivate in scientific method.

**05. Translation Into English:** [Joint Recruitment 8 Banks (Senior Officer) 19]

আধুনিক সময়ে বিজ্ঞাপন একটি বিশেষ ধরনের কাজে পরিণত হয়েছে। আজকের ব্যবসা-প্রধান বিশ্বে, যোগান চাহিদার চেয়ে অনেক বেশি। বর্তমানে নিজেদের নির্দিষ্ট পণ্যটির কেনায় ভোক্তাকে প্ররোচিত করার জন্য একই পণ্যের বিভিন্ন উৎপাদনকারী প্রতিষ্ঠানের মাঝে ব্যাপক প্রতিযোগিতা লক্ষ্য করা যায়। ভোক্তাকে সবসময় তাদের পণ্যের নাম ও গুণগত মান স্মরণ করিয়ে দিতে হয়। তারা বিজ্ঞাপনের মাধ্যমে এ কাজটি করে থাকে। উৎপাদনকারী পত্রিকায় বিজ্ঞাপন প্রদান ও পোস্টারের মাধ্যমে প্রচারকার্য চালিয়ে থাকে। প্রক্রিয়াজাতকারীরা বিজ্ঞাপন বাবদ প্রচুর অর্থ ব্যয় করে থাকেন। আমরা একটি নির্দিষ্ট পণ্য ক্রয় করে থাকি, কারণ আমরা মনে করি সেটি সেরা।

**Solution**

Advertisement has become a special type of work in modern times. In today's business centric world, supply of anything is much more than that of demand. Today, in order to persuade the buying of a particular product produced by various manufacturers, a widespread competition is found among different manufacturing companies of the same product. They always need to remind the consumers about the name and quality of their products. They do it by advertising. The producers carry out advertising on newspaper and posters. Processors spend a lot of money on advertising for this. We buy a particular product, because we think it is the best.

**06. Translation Into Bangla:** [Joint Recruitment 8 Banks (Senior Officer) 19]

The society has been dramatically changed with the evolution of technology. Before the advent of modern day technology, life was burdensome and everyday chores consumed too much of our time. Immense opportunities are being provided by technologies which play an important role in human life. The access to education, medicine, industry, transportation etc, has been simplified due to modem day technology. Due to the convenience and efficiency provided by technology, our lives have improved significantly. There used to be a time when executing a simple task like doing laundry would take most of the day. Thanks to modern technology, a lot of burden has been lifted up from our shoulders and we have more time and energy to do what we want to.

**Solution**

প্রযুক্তির প্রবর্তনের সাথে সাথে সমাজ নাটকীয়ভাবে পরিবর্তিত হয়েছে। আধুনিক প্রযুক্তি আগমনের পূর্বে জীবনটা ছিল দুর্বিষহ এবং দৈনন্দিন কাজ করতে প্রচুর সময় লেগে যেত। প্রযুক্তি এনে দিয়েছে বিপুল সুবিধার সমাহার যা মানব জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আধুনিক প্রযুক্তির মাধ্যমে শিক্ষা, ঔষধ, শিল্প, পরিবহন ইত্যাদিতে প্রবেশ অনেক সহজ হয়ে গিয়েছে। প্রযুক্তির সুবিধা ও দক্ষতা আমাদের জীবনকে উন্নত করেছে। এমন একটা সময় ছিল যখন কাপড় কাচার মতো কাজেও দিনের বেশির ভাগ সময় চলে যেত। আধুনিক প্রযুক্তির কারণে আমাদের কাঁধ থেকে অনেক ঝামেলা সরে গিয়েছে এবং আমরা যা করতে চাই তা করার জন্য যথেষ্ট সময় ও শক্তি রয়েছে।

**07. Translation Into English:** [Joint Recruitment 4 Banks, Officer(General) 19]

নারী পুরুষের সম-অংশীদারীত্বের ভিত্তিতে বাংলাদেশের সার্বিক উন্নয়নকে ত্বরান্বিত করা যেতে পারে। সৃষ্টি দিক দিয়ে, শিক্ষার দিক দিয়ে উভয়ের মাঝে কোন পার্থক্য বা বৈষম্য নেই। সর্বক্ষেত্রে নারী আজ ঈর্ষণীয় সাফল্যের স্বাক্ষর রাখতে সক্ষম হয়েছে। কাজেই সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক উন্নয়নে নারী সহায়ক ভূমিকা রাখতে পারে। নারী আজ তারা মেধা ও কর্মদক্ষতার বলে উন্নত, উন্নয়নশীর এবং অনুন্নত দেশের বিভিন্ন শীর্ষস্থানীয় পদে অধিষ্ঠিত। তাই সার্বিক উন্নয়নের মূল স্রোতধারায় নারীর সম্পৃক্ততা একান্তই বাঞ্ছনীয়। শিক্ষা, স্বাস্থ্য, প্রশিক্ষণ, কারিগরি শিক্ষা, সম্পদ ও বাজার ব্যবস্থাপনায় নারীর পূর্ণ ও সমান সুযোগ নিশ্চিত করতে পারলে উন্নয়ন কর্মকাণ্ডের গতিশীলতা বৃদ্ধি পাবে। অবশ্য বাংলাদেশ সরকার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ডে নারীর সম্পৃক্ততা নিশ্চিতকরণের লক্ষ্যে অনেক গ্রহণ করেছে।

**Solution**

Aggregate development of Bangladesh can be accelerated on the basis of male-female equal partnership. There is no difference or discrimination between them in creation or in education. They have been able to leave a mime of envious success in each field. Hence, they can play a supplementary role in social, economic, political and administrative development. Women, by dint of their talent and efficiency are endowed with several supreme positions in developed, developing and under developed countries. So, women engagement is inevitable to the mainstream of gross development. Development will get dynamism dance we ensure the full and equal opportunities for female in education, health, training, vocational training, wealth and market management. However, the government of Bangladesh has taken many initiatives to ensure the female participation in the aggreg1e development activities.

**08. Translation Into Bangla**: [Joint Recruitment 4 Banks, Officer(General) 19]

Tsunamis are not as common as other whether related disasters, but they can cause significant damage. The word tsunami comes from a Japanese word meaning 'long harbor wave'. Today, scientist use the term to define seismic sea waves generated by undersea earthquakes or undersea landslides and volcanic eruptions. Most tsunamis occur along the Ring of Fire, a wave of volcanic and earthquake activity that encircles the Pacific Ocean. The Haw Allan Islands and Alaska areas are common for this type of disaster. Tsunami waves have long lengths and travel very fast in deep water Upon reaching the shore, the speed of the wave decrease, but the height increases dramatically causing massive damage to coastlines. The Tsunami Warning System has helped in warming people of these disasters, but more research and technology is needed to improve the predictions of this natural disaster.

**Solution**

সুনামি অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের মতো নয়, তবে এটি ব্যাপক ক্ষতি করে থাকে। সুনামি শব্দটি জাপানি শব্দ হতে এসেছে যার অর্থ 'পোতাশ্রয় ঢেউ'। কিন্তু বিজ্ঞানীরা আজ শব্দটিকে সমুদ্রের তলদেশের ভূমিকম্প বা ভূমিধ্বস এবং আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতকে সংজ্ঞায়িত করার জন্য শব্দটি ব্যবহার করেন। অধিকাংশ সময়ই এই সুনামি সৃষ্টির প্রধান স্থল হলো অগ্নি কু-লী। এটি মূলত প্রশান্ত মহাসাগরকে ঘিরে থাকা একটি অগ্ন্যুৎপাত প্রবাহ ও ভূমিকম্প প্রবণ অঞ্চল। এই ধরনের দুর্যোগের সাধারণ স্থল হলো হাওআলান দ্বীপপুঞ্জ এবং আলাস্কা। সুনামির তরঙ্গ দৈর্ঘ্য বেশ বড় এবং এটি দ্রুত গভীর সমুদ্রে পৌছাতে পারে। উপকূলে পৌছানোর পর এর গতিবেগ কমে যায় কিন্তু নাটকীয়ভাবে এই ঢেউয়ের উচ্চতা বেড়ে গিয়ে সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে ব্যাপক ক্ষতি সাধন করে। সুনামি সংকেত মানুষদেরকে এইসব দুর্যোগ সম্পর্কে সতর্ক করে তবে এই প্রাকৃতিক দুর্যোগের ভবিষ্যৎবাণী আরো উননত করতে এ সম্পর্কে আরো গবেষণা ও প্রযুক্তি প্রয়োজন।

**09. Translate into Bangla:** [Joint Recruitment Test for 3 Banks (SO)18]

Chikungunya is an infection caused by the chikungunya virus. Symptoms include fever and joint pain. These typically occur two to twelve days after exposure. Other symptoms may include headache, muscle pain, joint swelling, and a rash. Most people are better within a week; however, occasionally the joint pain may last for months. The risk of death is around in 1,000. The virus is spread between people by two types of mospuitoes; Aedes albopictits and Aedes aegyptie. The mainly bite during the day. The virus may circulate within a number of animals including birds and rodents. Diagnosis is by either testing the blood for the virus's RNA or antibodies to the virus. The best means of prevention is overall mosquito control and the avoidance of bites in areas where the disease is common. This may be partly achieved by decreasing mosquito's access t water and with the use of insect repellent and mosquito nets. There is no vaccine and no specific treatment as of 2016. Recommendations include rest, fluids, and medications to help with fever and joint pain.

**Solution**

চিকুনগুনিয়া একটি রোগ যা চিকুনগুনয়া ভাইরাসের মাধ্যমে ছড়িয়ে থঅকে। জ্বর ও অস্থিসন্ধিগুলোতে ব্যথা হলো এই রোগের উপসর্গ। এগুলো সাধারণত রোগ ধরা পড়ার দুই থেকে বারো দিনের মধ্যে প্রকাশ পায়। অন্যান্য উপসর্গগুলো হলো মাথাব্যথা, পেশিব্যথা, অস্থিসন্ধি ফুলে যাওয়া এবং ছোট ছোট লাল ফুসকুড়ি ওঠা। একসপ্তাহের মধ্যেই অধিকাংশ লোক ভালো হয়ে যায় তবে ক্ষেত্র বিশেষ অস্থিসন্ধির ব্যথাটা ১ মাস পর্যন্ত থাকতে পারে। প্রতি ১,০০০ জনে ১ জনের মৃত্যুর ঝুঁকি রয়েছে। মানুষের মধ্যে দুই ধরনের মশার মাধ্যমে এই ভাইরাস ছড়িয়ে পড়ে। এডিস এলবোপিকটাস এবং এডিস এজেপটাই। মশাগুলো সাধারণত দিনের বেলায় কামড়িয়ে থাকে। পাখি ও ইঁদুরজাতীয় কিছু প্রাণি ছাড়া এই ভাইরাস বেশ কিছু প্রাণির মধ্যে ছড়াতে পারে। RNA ভাইরাসের রক্ত পরীক্ষার মাধ্যমে কিংবা শরীরের অ্যান্টিবডিতে ভাইরাসের উপস্থিতি নির্ণয়ের মাধ্যমে এই রোগ নির্ণয় করা যায়। সকল মশার নিয়ন্ত্রণ ও এই ভাইরাস এড়িয়ে চলা হচ্ছে এই রোগ থেকে বাঁচার উত্তম উপায়। পানিতে মশার প্রবেশ নিধনের মাধ্যমে, মশা তাড়ানোর ঔষধ এবং মশারী ব্যবহারের মাধ্যমে এর কিছুটা নিয়ন্ত্রণ করা যেতে পারে। ২০১৬ সাল পর্যন্ত এই রোগের কোনো টিকা ও সুনির্দিষ্ট ঔষধ আবিষ্কৃত হয়নি। জ্বর ও অস্থিসন্ধির ব্যথা প্রশমনের জন্য বিশ্রাম, তরল পদার্থ গ্রহণ এবং ঔষধ গ্রহণের সুপারিশ করা হয়।

**10. Translate into Bangla:** [Joint Recruitment Test for 5 Banks & Financial Ins. (Officer)18]

The idea of a crime against humanity and of war crimes in general can be understood in relation to the natural law and natural rights theories. Certain actions violate the natural value and dignity of persons, and all human beings should know this based upon a common moral sense, no matter what orders they receive. The important point here is that soldiers cannot be excused for criminal behaviour by claiming that they are merely following orders. Principle IV of the Nuremberg Trials stipulates, "The fact that a person acted pursuant to order of his government or of a superior does not relieve him from responsibility under international law, provided a moral choice was in fact possible to him." Moreover, Principle II of the tribunal stipulated that any superior authority and leaders were not excused from persecution. The Nuremberg Trials are viewed as an important step in the development of war crimes tribunals and international law. Since Nuremberg, the international community has worked to create a more impartial system for dealing with war crime and crimes against humanity, including the development of an international criminal court in The Hague.

**Solution**

প্রাকৃতিক আইন ও প্রাকৃতিক অধিকার তত্ত্ব থেকে মানবতাবিরোধী অপরাধ ও যুদ্ধাপরাধ সম্পর্কে সাধারণ ধারণা লাভ করা যায়। নির্দিষ্ট কিছু কাজ মানুষের মূল্যবোধ ও মর্যাদাকে ব্যাহত করে এবং প্রত্যেক মানুষেরই জানা উচিৎ যে এগুলো সাধারণ নৈতিক মূল্যবোধের উপর প্রতিষ্ঠিত। এখানে এটা কোনো হিসেবের মধ্যে আসবে না যে তারা (বিশেষত যুদ্ধক্ষেত্রে সৈনিকরা) কি ধরনের কাজের জন্য আদিষ্ট হচ্ছে। এখানে গুরুত্বপূর্ণ বিষয়টা এই যে সৈনিকরা তাদের সন্ত্রাসীমূলক কর্মকান্ডের জন্য শুধু এই বলে পার পাবে না যে তারা এই সন্ত্রাসীমূলক ঘটনা সংঘটনের জন্য আদিস্ট হয়েছিল। নুরেমবার্গের ট্রাইব্যুনাল আদালতের ৪নং শর্ত অনুযায়ী, "যেখানে নৈতিক মূল্যবোধ দেখানোর সুযোগ ছিল সেখানে কোনো সৈনিক সেটা না দেখিয়ে সরকারের প্ররোচনামূলক সন্ত্রাসী কিছু করলে আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী এই অজুহাতে তাকে রক্ষাকবচ দেয়া হবে না"। অধিকন্তু ৩নং শর্তানুযায়ী "কোনো নেতা বা উর্ধ্বতন কর্তৃপক্ষ এই ধরনের যন্ত্রনাদায়ক ঘটনার জন্য দায়ী থাকলে পার পাবেন না।"। যুদ্ধপরাধ ট্রাইব্যুনাল ও আন্তর্জাতিক আইন প্রতিষ্ঠার ক্ষেত্রে নুরেমবার্গের বিচার আদালতকে একটি গুরুত্বপূর্ণ ধাপ হিসেবে দেখা হয়। নুরেমবার্গ প্রতিষ্ঠার পর হতে আন্তর্জাতিক সম্প্রদায়সমূহ অধিকতর নিরপেক্ষতার সহিত এই যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধের বিরুদ্ধে কাজ করছে। পাশাপাশি এটি হেগ শহরে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক অপরাধ আদালত প্রতিষ্ঠায়ও ভূমিকা রাখে।

**11. Translate into English:** [Joint Recruitment Test for 5 Banks & Financial Ins. (Officer)18]

নজরুল বিদ্রোহী-চেতনা রূপ লাভ করেছিল পরাধীনতার বিষয়টিকে কেন্দ্র করে। নজরুলের চিন্তাধারা তাঁর বিদ্রোহী সত্তার সমষ্টিগত পরিচয়- রাজনৈতিক পরাধীনতা, সাম্প্রদায়িকতা, নারীর অবদমন ও সাংস্কৃতিক আধিপত্যের বিরুদ্ধে। জীবনের পুরোটা সময় তিনি প্রায় চরম দারিদ্র্যের মধ্যে কাটিয়েছেন। দারিদ্র্যকে তিনি নিজের হাতের রেখার মতো চিনতেন। সেজন্য তাঁর সব বিদ্রোহী চেতনার উৎসস্বরূপ দারিদ্র্যকে চিহ্নিত করা যায়। নজরুলের এই ব্যক্তিস্বাতন্ত্র্য পশ্চিমা পুঁজিবাদী সমাজের ব্যক্তিস্বাতন্ত্র্য থেকে ভিন্ন। এই ভিন্নতা কবির বিদ্রোহী সত্তার পরিচয় হলেও সামাজিক ব্যবস্থায় এর অবস্থান কবির রচনায় ব্যতিক্রমী মাত্রায় প্রতিফলিত হয়েছে। নজরুলের মধ্যে বিদ্রোহ আছে, বিপ্লবী চেতনা আছে, এবং এই কারণে ব্যক্তিস্বাতন্ত্র্যের দিক থেকে তিনি বরাবর আপোসহীন। আর তাঁর অনুসরণে সমাজের দৃঢ়চেতা মানুষগুলো আপন আপন বৈশিষ্ট্য নিয়ে উজ্জ্বল হয়ে উঠলে সমাজের সর্বোচ্চ উন্নতি হতে বাধ্য।

**Solution**

Nazrul's rebel-thought was established centering the matter of dependency. Nazrul's series of thoughts are the identity of the sum of his restive existence. His restive thoughts went against political dependency, secularism, woman's repression and the supremacy over culture. He passed through most of his life-time in extreme poverty. He realized poverty acutely. That's why all of the sources of his rebel consciousness can be attributed to the poverty. This distinctiveness of Nazrul is different from the distinctiveness of the capitalist western society. Though the separateness introduces the identity of the rebel existence of Nazrul, but it had reflected in an exceptional dimension of Nazrul's writings in the social systems. Nazrul belonged to the quality of recalcitrance and revolutionary awareness and for this reason, he was adamant in terms of individuality. And if the strong-willed people like him sparkles themselves with their distinctions, the society must get the maximum advancement.

**12. Translate into English:** [Dhaka Bank Ltd. (TO)-18]

বাংলাদেশ ১৯৭০'র দশক থেকেই জনশক্তি রফতানি করছে। শুরু থেকেই মধ্যপ্রাচ্যের দেশগুলো বাংলাদেশের জনশক্তি রফতানির প্রধান বাজার। ১৯৮০'র দশক থেকে সিঙ্গাপুর, মালয়েশিয়াসহ এশিয়ার কয়েকটি দেশে জনশক্তি রফতানি শুরু হয়। লিবিয়া, সুদানসহ আফ্রিকার কয়েকটি দেশেও তখন থেকেই জনশক্তি রফতানি শুরু হয়। ১৯৯০'র দশক থেকে দক্ষিণ কোরিয়া, ব্রুনাই, মিসর, মরিসাসসহ কয়েকটি নতুন বাজার সৃষ্টি হয়। নতুন সহস্রাব্দে ব্রিটেন, ইতালি, জাপানসহ এশিয়া ও ইউরোপের কয়েকটি দেশে জনশক্তি চাহিদা সৃষ্টি হয়।

Solution

Since 1970s, Bangladesh has been exporting manpower. From the very inception, middle-east countries were the main destination of our manpower export. Since 1980s, exporting manpower to several countries of Asia including Singapore, Malaysia has started. From that time, exporting manpower to the different countries of Africa including Libya and Sudan has begun. During 1990s, there have been some new markets in South Korea, Brunei, Egypt and Mauritius. The demand for manpower has been created in some countries of Asia and Europe including Britain, Italy and Japan in the new millennium.

**13. Translate into English:** [Dhaka Bank Ltd. (TO)18]

বাংলাদেশ বিশ্ববাজার থেকে বিপুল পরিমাণ জ্বালানি তেল ও কয়লা আমদানি করে গ্যাসও আমদানি শুরু করেছে, যা ভবিষ্যতে আরও বাড়বে। জ্বালানি তেলের দাম বাড়লে দাম বাড়লে বিশ্বব্যাপী জাহাজ ভাড়া বেড় যাওয়ার আশঙ্কা থাকে। এই দাম বৃদ্ধি আমদানির খরচ বাড়িয়ে দেয়। এর মধ্যে আন্তর্জাতিক বাজারে বিশেষ করে ভোজ্য তেল, চিনি, গম, চাল ইত্যাদি নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম বাড়লে দেশের নিম্ন আয়ের মানুষের ওপর সরাসরি প্রভাব পড়ে।

Solution

Importing the huge amount of fuel and coal from the international market, Bangladesh has started importing gas too which will increase more in future. There is a chance of rise in Ship fare in the international arena if the fuel price increases. This increased price raises the cost of importing fuel. Besides, if the price of daily essential commodities especially edible oil, sugar, wheat, rice etc rise in the international market, low income people of the country suffer directly.

**14. Translate into Bangla:** [Joint 8 Banks (SO)-18]

Globalization is very important in international relations. Basically it is a process of expanding trade and commerce all over the world by creating a border less market. But it has a far reaching effect on many aspects of life. With the development of high tech communication media and rapid transportation facilities, the world had come closer. We can now learn instantly what is happening in the farthest corner of the world and travel to any country in the shortest possible time. Countries in the world are like the families in a village. They can even share immediately come to its assistance. But taking advantages of the idea of globalization, capitalism seems to be on triumphant march. It is creating more opportunity for capitalist countries rather than for the developing ones. In the name of help and cooperation, the industrially developed capitalist countries are exploiting the cheap labor available in poorer countries.

Solution

আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বিশ্বায়ন খুবই গুরুত্বপূর্ণ। এটি মূলত সীমান্তহীন একটি বাজার ব্যবস্থা সৃষ্টির মাধ্যমে বিশ্বব্যাপী ব্যবসা বাণিজ্য বিস্তৃতকরণের একটি প্রক্রিয়া। কিন্তু জীবনের বহু ক্ষেত্রে এর সুদূরপ্রসারী ভূমিকা রয়েছে। উচ্চ প্রযুক্তিগত যোগাযোগ মাধ্যমগুলোর উন্নতিও দ্রুত অবকাঠামোগত সুবিধা সৃষ্টি হওয়ার দরুন পৃথিবী এখন হাতের মুঠোয় চলে এসেছে। পৃথিবীর দূরতম স্থানে কি ঘটছে তা এখন আমরা মুহূর্তের মধ্যেই জানতে পারি এবং সম্ভব স্বল্পতম সময়ে পৃথিবীর যে কোন স্থানে ভ্রমণ করতে পারি। পৃথিবীর দেশগুলো এখন একই গ্রামের পরিবারের মতো। একটি দেশ অপর দেশের আপদকালীন মুহূর্তে তাৎক্ষণিক এগিয়ে আসতে পারে। কিন্তু বিশ্বায়ন ধালণাটির সুযোগ নিয়ে পুঁজিবাদ জয়ের পথে বেশ খানিকটা এগিয়ে আছে। বিশ্বায়ন উন্নয়নশীল দেশগুলোর চাইতে পুঁজিবাদী রাষ্ট্রগুলোর জন্য বিবিধ সুযোগ-সুবিধার সৃষ্টি করছে। সাহায্য ও সহযোগিতার নাম করে এই সব শিল্পোন্নত পুঁজিবাদী রাষ্ট্রগুলো গরীব দেশগুলোর সস্তা শ্রমিকদের শোষণ করছে।

**15. Translate into English:** [Joint 8 Banks (SO)-18]

জ্ঞানভিত্তিক সমাজ গঠন তথ্য জ্ঞানভিত্তিক অর্থনীতি এই সময়ের একটি আলোচিত বিষয়। জ্ঞানভিত্তিক অর্থনীতিতে কায়িক বা শারীরিক পরিশ্রমের চেয়ে মেধা বা জ্ঞানের ব্যবহার বেশি হয়ে থাকে। কৃষি ও শ্রমিকনির্ভর প্রোডাকশন ইকোনমি এর ঠিক উল্টো। জ্ঞাননির্ভর অর্থনীতিতে অনেক বেশি প্রবৃদ্ধি সম্ভব। এটা বলা বাহুল্য যে, একবিংশ শতাব্দীর এই পৃথিবীতে মাথা উঁচু করে বিশ্বদরবারে দাঁড়াতে চাইলে জ্ঞানভিত্তিক সমাজ গঠন তথ্য অর্থনীতির কোনো বিকল্প নেই। বাংলাদেশের মতো একটি জনবহুল দেশের জন্য এটি আরও গুরুত্বপূর্ণ। কেননা, জ্ঞানের ভিত্তিতেই কেবল বিপুল জনগোষ্ঠীকে একটি উৎপাদনশীল জনশক্তিতে রূপান্তরিত করা সম্ভব। 'ডিজিটাল বাংলাদেশ' এর যে স্বপ্ন তা আসলে জ্ঞানভিত্তিক সমাজ গঠনেরই রূপকল্প। সুচিন্তিত পরিকল্পনার মাধ্যমে সবাইকে সঙ্গে নিয়ে তা বাস্তবায়নের মধ্য দিয়ে দেশকে দ্রুতগতিতে সামনে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব।

Solution:

Establishment of knowledge based society and information-knowledge based economy is a hot topic in this time. In the knowledge based economy, utilization, of aptitude or knowledge is more used/ exercised than corporal or physical diligence. It is just opposite to the agriculture and labour incentive economy. Much more growth is possible in this economy. It's exaggeration to tell that if we want to stand upright in the world, there is no alternative to establish knowledge based society and information-knowledge based economy. It is more important for a populous country like Bangladesh. Because only by the use of knowledge, this huge population can be transformed into productive work force. 'Digital Bangladesh' is nothing but vision of establishing a knowledge based society. Heading the country forward with all is possible through a well planned and implementation of all above mentioned things.

**16. Translation Into English**: [NRBC Bank Ltd. (Trainee Officer) 18]

বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার তিন বছর ধরে ৭ শতাংশের ওপরে যা নিয়ে দেশের নীতিনির্ধারকসহ বিভিন্ন মহল স্বাভাবিকভাবেই বেশ উচ্ছ্বসিত। এই উচ্ছ্বাসে বাড়তি মাত্রা যোগ করেছে এইচএসবিসি গ্লোবাল রিসার্চের হালনাগাদ একটি প্রতিবেদন। এই প্রতিবেদন অনুসারে ২০৩০ সালে বাংলাদেশ হবে বিশ্বের ২৬তম অর্থনীতির দেশ, এখন যে অবস্থানে আছে অস্ট্রিয়া। কিন্তু জিডিপি প্রবৃদ্ধির উচ্চ হারই শেষ কথা নয়, নয় একমাত্র অভীষ্ট। এটি অর্থনীতির আকার বা পরিমাণ নির্দেশ করে মাত্র। বরং নীতিনির্ধারক মহলের কাছে টেকসই প্রবৃদ্ধি ও প্রবৃদ্ধির গুণগত দিকটি বেশি গুরুত্বপূর্ণ। শুধু উচ্চ হারে প্রবৃদ্ধি বিশ্বের বহু দেশেই গরিবি যথেষ্ট কমাতে পারেনি, পারেনি সমাজে আয়বৈষম্য কমাতে, বরং তা বাড়িয়েছে। আসলে গরিবি কমা বা আগের তুলনায় বেশি মানুষের উন্নততর জীবনযাপনের সুযোগ সৃষ্টি হওয়া নির্ভর করে প্রবৃদ্ধির বন্টনের ওপর। বাংলাদেশের উচ্চ প্রবৃদ্ধি এখনো সম্পদের সুসম বা ন্যায্য বন্টন নিশ্চিত করতে পারেনি, তা বিভিন্নভাবে সমাজে প্রতিফলিত হয়।

Solution

Different quarters including policymakers are well exhaled innately as Bangladesh has been maintaining 7 percent up economic growth rate for three years. A report recently published by HSBC Global Research added extra flavors to this cheerfulness. According to this report, Bangladesh will be the 26th largest country in terms of economy. Presently Austria holds this position. But neither higher rate of economic growth should be the last talk nor should be the single target. It merely indicates the size or quantity of the economy. Rather, sustainable and qualitative growth is more important to the policymakers. Higher rate of growth can not bring down the poverty alone; it also can not alleviate income- discrimination, rather raises. Actually decrease of poverty or increase of the number of people maintaining more improved life depends upon the distribution of growth. Bangladesh could not ensure the balanced equitable distribution of higher growth which is reflected in the society in different ways.

**17. Translation Into English**: [Janata Bank Ltd. (Executive Officer) 18]

বৃক্ষ শুধু নিসর্গ প্রকৃতির সৌন্দর্য নয়, তা মানুষের জীবনের অপরিহার্য অংশ। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানুষের জীবনে বৃক্ষের ভূমিকা এত অপরিহার্য যে বৃক্ষহীন পৃথিবীতে প্রাণের অস্তিত্বই কল্পনা করা যায় না। দেশের অর্থনীতিতে যেমন বনাঞ্চলের ভূমিকা আছে, তেমনি আবহাওয়া ও জলবায়ুসহ প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষার বনজ সম্পদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই পরিবেশগত ভারসাম্যের জন্য চাই বৃক্ষরোপণ। প্রাকৃতিক বিপর্যয়ের কবল থেকে দেশকে রক্ষা করতে জনগণকে সচেতন ও সম্পৃক্ত করে দেশে ব্যাপক বৃক্ষরোপণের প্রয়োজন হয়ে পড়েছে।

ভূ-বিজ্ঞানীদের মতে অনাবৃষ্টির কারণে দেশের ভূ-গর্ভস্থ পানির স্তর দিনের পর দিন দ্রুত নিচে নেমে যাচ্ছে। এ বিপর্যয়ও পর্যন্ত বনভূমি না থাকারই ফলাফল। সাধারণ জনগণকে যদি বিপন্ন পরিবেশের ভয়াবহতা সম্পর্কে অবহিত করা এবং বৃক্ষরোপণে উদ্বুদ্ধ করা যায় তাহলে অনেকেই বনায়নের কাজে এগিয়ে আসবেন।

Solution

Trees are not merely the beauty of nature; it is an integral part of human life. From the cradle to grave, the role of tree in the life of human being is so indispensable that life cannot be envisaged in. the treeless world. As forest contributes to the economy of our country, so the forest resources are very much important in shielding the ecological balance of the environment including weather and climate. So we need tree plantation for environmental balance. It has become very essential to make people aware and involve in tree plantation to keep safe the country from natural disasters. According to the geologists, the groundwater level of the country is rapidly falling down day by day due to drought. This catastrophe is the result of not having adequate forests. If common people are apprised of the dreadfulness about the endangered environment and encouraged them to tree plantation, most of them will come forward.

**18. Translation Into Bangla**: [Janata Bank Ltd. (Executive Officer) 18]

Shortcomings in financial system regulation and supervision regimes are now under intense rutiny everywhere, following the global financial turmoil that exacted heavy tolls in wealth destruction and recession, with particular severity in the mature advanced economies. Ironically, it was the placid stability of the preceding several years that lulled institutions, markets and regulators into complacency and inaction about the mounting global imbalances and the inordinate and the inordinate risk build-ups in the financial system eventually precipitating institutional failures, market freeze-ups and severe credit crunch. The gross disregard of basic cautions in risk-taking in large globally active financial institutions was prompted by quest of quick private gains for small inner circles in top managements and boards, imperiling longer term viability of the institutions and hurting interests of general shareholders and of broader citizenry as stakeholders in the financial system.

Solution

যে বৈশ্বিক আর্থিক বিশৃঙ্খল অবস্থা অনেক সম্পদের ধ্বংসকে ও মন্দাকে ত্বরান্বিত করার পাশাপাশি উন্নত ও পরিপক্ক অথর্বনীতির দেশগুলোকে আর্থিক ভয়াবহতার দিকে ধাবিত করেছিল, সেই বৈশ্বিক আর্থিক বিশৃঙ্খল অবস্থার পর থেকে অর্থনৈতিক কর্মকান্ডের সর্বত্রই আর্থিক প্রবিধান ও তত্ত্বাবধানে ত্রুটি-বিচ্যুতিগুলো কঠোর নিরীক্ষার মধ্যে রয়েছে। সমালোচনামূলকভাবে বলতে গেলে বলতে হয় যে এটা ছিল মূলত পূর্ববর্তী বছরগুলোর সুসমাহিত স্থিরতার কাল যা কিনা বাজার ও নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানগুলোকে বৈশ্বিক আর্থিক অস্থিরতায় সর্বোচ্চ পর্যায় সম্পর্কে পরিতৃপ্ত ও নিষ্ক্রিয় করেছিল এবং আর্থিকখাতে যে অসংযত ঝুঁকি তৈরী হয়েছিল তা অবশেষে প্রতিষ্ঠানগুলোকে ব্যর্থতা, বাজারগুলোকে নিষ্ক্রিয়তা এবং কঠোর ঋণ সংকোচনের দিকে ধাবিত করেছিল। বিশ্বের বড় বড় সক্রিয় আর্থিক প্রতিষ্ঠানগুলোর ঝুঁকি গ্রহণের ক্ষেত্রে মৌলিক সতর্কতার বিষয়গুলোকে একেবারে তোয়াক্কা না করার কারণ হলো প্রধান ব্যবস্থাপনা ও পরিচালনা পর্ষদের স্বল্প সময়ে দ্রুত ব্যক্তিগত মুনাফা অর্জনের চেষ্টা যা প্রতিষ্ঠানগুলোর জন্য দীর্ঘমেয়াদে একটি বিপদজনক ব্যাপার। এই ব্যাপারটি আর্থিক খাতের সাথে যুক্ত সাধারণ শেয়ারহোল্ডার ও এই খাতের সাথে যুক্ত সকল নাগরিকের অধিকারকে ক্ষুণ্ন করে।

**19. Translation Into Bangla**: [Joint Recruitment 3 Banks Officer (Cash) 18]

Biotechnology is being used to address problems in all areas of agricultural production and processing. This includes plant breeding to raise and stabilize yields; to improve resistance to pests, diseases and a biotic stresses such as drought and cold; and to enhance the nutritional content of foods. Biotechnology is being used to develop low-cost disease-free planting materials for crops such as banana and potato and is creating new tools for the diagnosis and treatment of plant and animal diseases and for the measurement and conservation of genetic resources. Biotechnology is being used to speed up breeding programs for plants, livestock and fish and to extend the range of traits that can be addressed.

Solution

কৃষি উৎপাদন ও প্রক্রিয়াকরণের সকল সমস্যা মোকাবেলার জন্য জীব প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। এর মধ্যে রয়েছে উদ্ভিদের বৃদ্ধি ও তাতে দৃঢ়তার জন্য উদ্ভিদের প্রজনন; পোঁকা-মাকড়ের হাত থেকে রক্ষা; খরা ও ঠা-ার মতো কিছু রোগ হতে মুক্তি; এবং খাদের পুষ্টিকর উপাদান বৃদ্ধি। কম মূল্যের রোগ মুক্ত উদ্ভিদ যেমন কলা এবং আলুর মতো উদ্ভিদ উৎপাদনের জন্য এই জীব প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। এবং এই জীব প্রযুক্তির দ্বারা উদ্ভিদ ও প্রাণির রোগ নির্নয় ও তার চিকিৎসার জন্য নতুন নতুন প্রযুক্তির সৃষ্টি হচ্ছে এবং জীবগত সম্পদ সংরক্ষণ করা সম্ভব হচ্ছে। জীব প্রযুক্তি উদ্ভিদের প্রজনন প্রক্রিয়া, গবাদিপশু ও মাছের প্রজনন ক্রিয়া ত্বরান্বিতকরণের জন্য ব্যবহৃত হচ্ছে এবং আরো কিছু বিষয় এর মধ্যে আনা হচ্ছে যেগুলোর সমাধান করা সম্ভব।

**20. Translation Into English**: [Joint Recruitment 3 Banks Officer (Cash) 18]

প্রস্তাবিত পদ্মা সেতুকে কেন্দ্র করে পাল্টে যাচ্ছে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অর্থনীতি। ব্যবসায়ীরা ভবিষ্যতের কথা মনে রেখে সেতু প্রকল্প এলাকার কাছাকাছি জমি কিনছেন। প্রকল্প সংলগ্ন এলাকাগুলোতে ইতোমধ্যে বেশ কিছু ক্ষুদ্রশিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। ব্যবসায়ীদের ধারণা, পদ্মা সেতু নির্মাণ হলে এবং গ্যাস সংযোগ নিশ্চিত হলে সেতু সংলগ্ন এলাকায় শিল্প স্থাপনের ধুম পড়ে যাবে। পদ্মা সেতু কথা মনে রেখে পাঁচ বছর আগে থেকেই দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বিভিন্ন স্থানে শিল্প স্থাপনের তোড়জোড় শুরু হয়। প্রস্তাবিত পদ্মা সেতুর সম্ভবনাকে সামনে রেখে দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ইতোমধ্যে যেসব শিলপ স্থাপিত হয়েছে তার বদৌলতে মোট দেশজ উৎপাদন ১.২ শতাংশ বাড়তে পারে বলে আশা করা হচ্ছে।

**Solution**

The economy of the south-eastern region is changing due to proposed Padma Bridge. Businessmen are purchasing lands near the project area bridge thinking about future business. Some small industries have already been established in the adjacent areas of the project. Businessmen think that industries will be established rapidly in the adjacent area of the bridge of the construction of the bridge and connection of gas is ensured. Positive changes will occur of the life-styles on the bank of Padma. Considering Padma Bridge the establishment of industries in various places of south-eastern part of our country started vigorously since 5 years ago. It is expected that the total domestic production will be increased by 1.2% because of the industries already established in the south-eastern part of the country considering the possibilities of proposed Padma Bridge.

**21. Translation Into Bangla**: [Rupali Bank Ltd. Officer (Cash) 18]

Sher-e-Bangla AK Fazlul Huq is a legendary figure in Bengal and All-India politics and in the history of movements for social change. Like many other leaders in public life, Fazlul Huq had his lamentations over some of his past actions and decisions. But to delve into those is hardly possible in a short piece like this one. Fazlul Huq lived a life of dignity and honour. Of course, there were occasions when circumstances around him were not all that pleasant. At times he had to confront resentful critics often misunderstanding his intent and purpose. Faziul Huq was considered by P.C Ray, the great scientist, as a symbol of Hindu- Muslim unity on which depended the future existence of the Bengali nation was depended. P.C. Ray, Fazlul Huq's one-time teacher, said he did not understand the Indian nationalism of the Congress. He knew only Bengali nationalism. And he believed that only Fazlul Huq could establish this nationalism.

**Solution**

শেরে-বাংলা এ.কে ফজলুল হক বাংলায়, সর্বভারতীয় রাজনীতিতে এবং সামাজিক পরিবর্তনের জন্য আন্দোলনের ইতিহাসে একজন কিংবদন্তি ব্যক্তি। জনজীবনের অন্যান্য নেতাদের মতো তারও কিছু অতীত কাজ ও কর্ম নিয়ে কিছু শোচনা ছিল। কিন্তু এই ক্ষীণ সময়ের জন্যে সেই সব দোষ ত্রুটির অনুসন্ধান করাটা প্রায় অসম্ভব। তিনি মর্যাদা ও সম্মানের সাথে জীবন-যাপন করতেন। তবে তার চারপাশে এমন কিছু ঘটনা ঘটতো যা সর্বদা আনন্দদায়ক ছিল না। মাঝে মাঝে তার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে ভুলবুঝাবুঝির সৃষ্টি হতো এবং এজন্য তিনি তিক্ত সমালোচনার সম্মুখীন হতেন। বিখ্যাত বিজ্ঞানী পি.সি রায় তাকে হিন্দু-মুসলমান ঐক্যের প্রতীক হিসেবে আখ্যায়িত করেছেন যার উপর বাঙালি জাতির ভবিষ্যৎ নির্ভর করতো। শেরে বাংলার এক সময়কার শিক্ষক পি.সি রায় বলতেন যে তিনি কংগ্রেসের ভারতীয় জাতীয়তাবাদ বুঝতে পারেন নি। তিনি একমাত্র বাঙালি জাতীয়তাবাদ বুঝতেন এবং তিনি বিশ্বাস করতেন যে এই জাতীয়তাবাদ কেবলমাত্র ফজলুল হক-ই প্রতিষ্ঠা করতে পারবেন।

**22. Translation Into English**: [Rupali Bank Ltd. Officer (Cash) 18]

বাংলা পঞ্জিকার প্রথম মাস বৈশাখ। পয়লা বৈশাখ থেকেই সূচিত হয় বাংলা "শুভ নববর্ষ"। আবহমান কাল ধরে এ দিনটিকেই বাংলাদেশের মানুষ খুব উৎসবমুখর পরিবেশে পালন করে আসছে। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল শ্রেণি পেশার মানুষের অংশগ্রহণের নববর্ষ উদযাপিত হয়। বাঙালি মেয়েরা ঐতিহ্যবাহী পোশাক শাড়ি, ছে"লরা পাজামা-পাঞ্জাবি পরিধানের মধ্য দিয়ে দিনটি পালন করে। শিশু-কিশোরেরাও নানা অনুষ্ঠানে অংশগ্রহণ করে। প্রতিটি পরিবারই তাদের সমর্থ্য অনুযায়ী নতুন বছরের প্রথম দিনে ভাল খাবার খায় এবং নিজেদের সংস্কৃতি ও কৃষ্টিকে সমুন্নত রাখার চেষ্টা করে।

**Solution**

Baishakh is the first month of Bangla calendar. Happy New year begins with the very Pahela Baishakh. From the immemorial, this very day has been observed with festive mood by the people of Bangladesh. Pahela Baishakh is observed through participating all classes of people indiscriminately of caste, creed and colors. Bangalee girls and boys observe this day wearing traditional Saree and Pajama-Panjabi respectively. Children also take part in different occasions. Each family as per their ability has improved diet on the first day of the New Year and tries to uphold their cultures.

**23. Translation Into English**: [Shajalal Islami Banks (Trainee Senior Officer) 18]

চলতি বছরের প্রথম ৯ মাসে যুক্তরাষ্ট্রের বাজারে ৪১৬ কোটি ৮০ লাখ ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে বাংলাদেশ। এটি গত বছরের একই সময়ে রপ্তানি হওয়া ৩৯০ কোটি ৮১ লাখ ডলারের চেয়ে ৫ দশমিক ৮৪ শতাংশ বেশি। শুধু প্রবৃদ্ধি নয়, যুক্তরাষ্ট্রে বাজারে হিসাবেও এগিয়েছে বাংলাদেশ। যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে চলছে বাণিজ্যযুদ্ধ। বাণিজ্যযুদ্ধের কারণে চীনে পোশাক উৎপাদনের খরচ বাড়তে পারে এবং মার্কিন ক্রেতাপ্রতিষ্ঠানের অনেক ক্রয়াদেশ বাংলাদেশ, ভিয়েতনাম, কম্বোডিয়া ও ভারতে যাবে। ইতিমধ্যে নতুন নতুন ক্রেতারা আমাদের উদ্যোক্তাদের সঙ্গে কথাবার্তা বলা শুরু করেছেন। পুরোনো ক্রেতারা ক্রয়াদেশ বাড়াচ্ছেন। ভিয়েতনামের চেয়ে রপ্তানিতে বেশ পিছিয়ে থাকলেও প্রবৃদ্ধিতে অনেকটা কাছাকাছি চলে এসেছে তৃতীয় শীর্ষ রপ্তানিকারকে দেশ বাংলাদেশ। সামনের মাসগুলোতে রপ্তানি পরিমাণে বৃদ্ধি পাবে বলে প্রত্যাশাও করছেন তৈরি পোশাকশিল্প মালিকেরা।

Solution

Bangladesh has exported the ready-made garments worth's $466 crore 80 lakhs to the USA market in the first nine months of the ongoing year. This is 5.84 percent more than that of the exported ready made garments for $390 crore 81 lakhs in the same time of the previous year. Not only for the export growth, Bangladesh has made a giant stride in capturing the large USA market. There has been a trade-war between China and USA. On account of this, China may rise the cost of production of apparels and many of the consumer organization's buying order of USA will go to Bangladesh, Vietnam, Cambodia and India. In the mean time, new buyers have started talking to our entrepreneurs. Old buyers are raising buying orders. Though remained far behind than Vietnam in apparel exporting, Bangladesh, as a third largest exporting country, has come to very close to the Vietnam in terms of growth. Owners of the ready made garment industry's expect that the export will go up amount in the upcoming months.

**24. Translation Into English**: [Pubali Bank, Asst. Junior Officer (Cash) 18]

বিদ্যা মঙ্গলের নিদান সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু অল্প বিদ্যা মারাত্মক। সংসারে প্রত্যেক ব্যক্তিরই আপনার যথার্থে মূল্য বুঝিয়া চলা উচিত। সে ব্যক্তি সে বিষয়ে বিশেষরূপে দক্ষ নহে, তাহার পক্ষে সেই কার্যে হস্তপেকষ অবিধেয়। যে ব্যক্তি অর্ধশিক্ষিত, সুশিক্ষিতের ভান করা তাহার অনুচিত। কেননা ইহাতে সে যে কেবল আপনার ক্ষতি করে তাহা নহে; তাহার এইরূপ আচরণের দ্বারা সমাজেরও বিষম অনিষ্ট সাধিত হয়। হাতুড়িয়া বৈদ্যগণ প্রকৃত চিকিৎসক নহে, চিকিৎসাশাস্ত্রে তাহাদের অতি অল্প জ্ঞানই থাকে। কিন্তু তাহারা নিজেরাও বুঝে না বা বুঝিলেও অপরের নিকট স্বীকার করে না। সুতরাং তাহারা কোন সুচিকিৎসকের ভান করিয়া যদি সংকটাপন্ন রোগীর চিকিৎসার ভার গ্রহণ করে তবে ঐ রোগীর মৃত্যু অবশ্যম্ভাবী। তাহারা সমাজের অজ্ঞ লোকদিগকে প্রতারিত করিয়া উহাদের ভীষণ ক্ষতিসাধন করে। তাহাদের এই কার্যের জন্য চিকিৎসাবিদ্যা দায়ী নহে, দায়ী তাহাদের চিকিৎসাবিদ্যার অল্প জ্ঞান।

Solution

There is no doubt that education is the prime factor of welfare. But little learning is dangerous. Everyone should run in the society upholding his/her proper value. One who is not good at any particular thing should not interfere with that. By doing this, not only he does hamper upon himself but also make havoc of the society. The quacks are not real doctors, they have little knowledge about medical science. But they don't know it or deliberately they hid their ignorance. So, if they take responsibility of a critical patient in disguised of a good doctor, the chance of death of the patient is high. Deceiving the ignorant people, they make a huge loss of them. For this, medical science is not responsible rather their little knowledge about medical science is responsible for that.

**25. Translation Into Bangla**: [Pubali Bank, Asst. Junior Officer (Cash) 18]

It is not clear that the current global regulatory reform initiatives will be enough to dissuade banks and financial institutions from risky speculative behavior that lead to recurrent instability. A fundamental reorientation of their corporate goals and objectives towards conducting business in socially responsible manner is perhaps needed for this. Only such a basic reorientation can perhaps draw them away lastingly from socially harmful unproductive speculative investments towards inclusive financing of productive pursuits of all population segments in all economic sectors; harnessing and fostering creative energies of the entire working age population. Already growing in sidelines in many developing and developed economies, this socially responsible inclusive financing orientation has been chosen by Bangladesh Bank as the mainstream approach for the financial sector in Bangladesh. Initial results look promising.

Solution

বর্তমানে বিশ্বজুড়ে নিয়ন্ত্রক সংস্থার সংস্কারমূলক উদ্যোগগুলো ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর ঝুঁকিপূর্ণ ফটকা কারবারি আচরণ যা বারবার অস্থিরতার দিকে নিয়ে যাচ্ছে তা বন্ধ করাতে যথেষ্ট হবে বলে মনে হয় না। এজন্য সম্ভবত প্রয়োজন তাদের বাণিজ্যিক লক্ষ্য ও উদ্দেশ্যের ব্যাপারে সামাজিক দায়বদ্ধতার পদ্ধতিতে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে মৌলিক বিষয়ে পুনর্বিবেচনা করা। কেবল এই ধরনের মৌলিক পুনর্বিবেচনা সামাজিকভাবে ক্ষতিকারক, অনাদায়ী ও ফটকামূলক বিনিয়োগ থেকে উৎপাদনমুখী সামগ্রিক অর্থায়ন এবং জনগণের সকল অর্থনৈতিক কর্মকা-ের স্থায়ী সমাধান দিতে পারে, যা সমগ্র কর্মমুখী জনগণের সৃজনশীল শক্তিকে জোরালোভাবে উন্নয়নের দিকে ত্বরান্বিত করতে পারে। বাংলাদেশ ব্যাংক সামাজিকভাবে দায়বদ্ধ সমন্বিত অর্থায়ন ব্যবস্থাকে বাংলাদেশের আর্থিক ব্যবস্থায় মূলধারা হিসেবে বেছে নিয়েছে যা অনেক উন্নয়নশীল ও উন্নত অর্থনীতির পার্শ্ব ব্যবস্থাকে ত্বরান্বিত করছে। এই পদক্ষেপের প্রাথমিক ফলাফলগুলো আশাব্যঞ্জক বলে মনে হচ্ছে।

**26. Translation Into Bangla**: [Investment Corporation of Bangladesh (AP) 18]

A spreadsheet program is a software tool for entering, calculating, maintaining and analyzing sets of numbers. Spreadsheet have a wide range of uses from family budgets to corporate earnings statements. We can set up a spreadsheet to show information in different ways, such as traditional row-and-column format or a slick report format with headings and charts. Microsoft Excel (MS Excel) is one of the most commonly used spreadsheet applications. Like a word processor spreadsheet provide a document area, which is where we can view the documents. In a spreadsheet program, our work with a document called a worksheets in a workbook or notebook. Worksheets can be hamed, and a worksheet can contain as many individual worksheets as our system's resource will allow. A typical spreadsheet interface provides a menu bar, toolbars, scroll bars and a status bar. Spreadsheet programs also display a special formula bar, where we can create or edit data and formulas in the worksheet.

Solution

স্প্রেডশীট হলো এমন একটি প্রোগ্রাম যার মাধ্যমে এক জাতীয় বহু সংখ্যক সংখ্যায় প্রবেশ, গণনা ও তা বিশ্লেষণ করা যায়। পরিবারের বাজেট করা থেকে শুরু করে কর্পোরেট আয়ের বিবরণ সব জায়গাতেই এই স্প্রেডশীটের বহুবিধ ব্যবহার রয়েছে। তথ্য বিভিন্নভাবে প্রদর্শনের জন্য আমরা স্প্রেডশীড প্রোগ্রাম প্রস্তুত করতে পারি। যেমন এর মাধ্যমে আমরা গতানুগতিক সরি ও কলাম বিন্যাস বা শিরোনাম ও রেখাচিত্র ব্যবহার করে একটি মসৃণ বিন্যাস দেখাতে পারি। মাইক্রোসফট্ এক্সেল তেমন রকম একটি বহুল ব্যবহৃত স্প্রেডশীট প্রোগ্রাম। শব্দ প্রসেসরের মতো স্প্রেডশীট প্রোগ্রাম একটি দলিলক্ষেত্র প্রদান করে যাতে যেখানে আমরা দলিল বা প্রমাণদি দেখতে পাই। একটি স্প্রেডশীট প্রোগ্রাম নোটবুক বা ওয়ার্কবুকে দলিলাদি সহ আমাদের কর্মকে ওয়ার্কশীট বলে। ওয়ার্কশীটকে নাম দেয়া যায় এবং আমাদের সিস্টেম সাপোর্ট করলে এই ওয়ার্কশীটগুলো স্বতন্ত্র ওয়ার্কশীটে অবস্থান করতে পারে। একটি আদর্শ স্প্রেডশীট প্রোগ্রাম একটি মেনুবার, টুলবার, স্ক্রলবার ও স্ট্যাটাস বার প্রদান করে থাকে। এটি আবার একটি বিশেষ ফর্মুলা বার প্রদর্শন করে থাকে যেখানে আমরা তথ্য উপাত্তগুলো পরিবর্তন করতে পারি।